## উপজেলা পরিষদ কার্যালয়
## বোরহানউদ্দিন, ভোলা।

### বোরহানউদ্দিন উপজেলা পরিষদের অক্টোবর-২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : আবুল কালাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা ।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বোরহানউদ্দিন, ভোলা।
তারিখ : ২১ অক্টোবার, ২০২১ খ্রি. রোজ: বৃহস্পতিবার, সময়: সকাল ১১.৩০ ঘটিকা।

**উপস্থিত সদস্যগণের হাজিরা আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ আছে**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার মন্তব্য পাঠ করে শুনানো হলে কোনো সংশোধনী বা আপত্তি না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। পরবর্তীতে উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকন্ড নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান, আগামী ২৮ অক্টোবর ও ৩০ অক্টোবর ২য় ধাপে ২৫ বছর বা তদূর্ধ্ব জনগোষ্ঠীর ৬০০ জন হারে মোট ৫৪০০ জনকে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান করা হবে। আগ্রহী প্রার্থগণ অবশ্যই টিরা রেজিস্ট্রেশন করে নির্ধারিত তারিখে স্ব স্ব ইউনিয়নের নির্ধারিত টিক দান কেন্দ্র থেকে করোনা টিকা গ্রহণ করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার সকল জনপ্রতিনিধি, ইউপি সচিব, উদ্যোক্তা, স্বাস্থ্যকর্মী এবং আইন-শৃঙ্খলা বাহিনীকে প্রথম ধাপের ন্যায় সকলকে সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ করেন। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বভাবিকভাবে চলমান রয়েছে। সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য তিনি অনুরোধ জানান। | (ক) যারা এখনও রেজিস্ট্রেশন করেননি তারা ২৮ তারিখের পূর্বে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে;<br>(খ) সকল জনগণকে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক আবশ্যিকভাবে কোভিড-১৯ টিকা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ২ | **উপজেলা কৃষি বিভাগ** উপজেলা কৃষি অফিসার জানান, এবছর প্রায় ৪০% আমন ধান কম্বাইন্ড হার্ভেস্টার মেশিনের মাধ্যমে কাটা হবে। প্রান্তিক পর্যায়ের কৃষকদের মসলা জাতীয় ফসল চাষ বৃদ্ধিতে উদ্বুদ্ধ করা হচ্ছে। এছাড়া বিগত বছরের তুলনায় সকল ধরণের সার বেশি বরাদ্দ প্রদান করা হবে বলে উর্ধ্বতন কর্তৃপক্ষ জানিয়েছেন। সারের যেন কৃত্রিম সংকট না হয় সে বিষয়টি নিশ্চতকরণের জন্য উপজেলা পর্যায়ের সকল সার ডিলারদের সাথে একাধিকবার মতবিনিময় করা হয়েছে। তিনি আরও জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (ক) সার ডিলার ও দোকানদার যাতে সার মজুদ করে দান বৃদ্ধি করতে না পারে সে বিষয়ে তদারকি বৃদ্ধি করতে হবে;<br>(খ) দাপ্তরিক স্বাভাবিক কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ৩ | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)** উপজেলা নির্বাহী অফিসার বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকল্প প্রণয়নের কাজ কোন পর্যায়ে রয়েছে জানতে চাইলে উপজেলা প্রকৌশলী বলেন যে, বিভিন্ন ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প প্রস্তাব পাওয়া গেছে তবে এখনও প্রকল্প যাচাই চূড়ান্ত করা হয়নি। সভাপতি নভেম্বর ২০২১ এর মধ্যে এডিপি তালিকা চূড়ান্ত করতে বলেন। | (ক) নভেম্বর/২০২১ মাসের মধ্যে প্রকল্প যাচাই কমিটির সভা করে প্রকল্প তালিকা চূড়ান্ত করতে হবে;<br>(খ) পুরাতন উপজেলা পরিষদের উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা হিসাবরক্ষণ অফিস, উপজেলা প্রকল্প বাস্তবায়ন | |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | উপজেলা প্রকৌশলী বলেন যে, বর্তমান নতুন উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। এমতাবস্থায় নতুন ভবনে দপ্তরসমূহ স্থানান্তরিত হলে পুরাতন উপজেলা পরিষদের উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা হিসাবরক্ষণ অফিস, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, সিপিপি কার্যালয়সমূহ প্লাস্টারকরণ, রংকরণ এবং পানির লাইন মেরামত করা প্রয়োজন। তিনি আরও বলেন, উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর বাইরের অংশ রংকরণ এবং এর অভ্যন্তরে কয়েকটি কক্ষের মেরামত ও স্যানিটারি কাজ করা প্রয়োজন। | কর্মকর্তার কার্যালয়, সিপিপি কার্যালয়সমূহ প্লাস্টারকরণ, রংকরণ এবং পানির লাইন উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়;<br><br>(গ) উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর বাইরের অংশ রংকরণ এবং অভ্যন্তরে কয়েকটি কক্ষের মেরামত ও স্যানিটারি কাজ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৪ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর**<br>উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, 'সমগ্র বাংলাদেশ পানি সরবরাহ' শীর্ষক প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থবছরে বরাদ্দকৃত ২৩৪টি গভীর নলকূপ স্থাপন হয়েছে এবং অবশিষ্ট কাজ চলমান রয়েছে। এই প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থবছরে ২৩৪টি গভীর নলকূপ এবং ১৮টি কমিউনিটি বেইজড পানি সরবরাহ ইউনিট এর বরাদ্দ পাওয়া গিয়েছে যার স্থান নির্বাচন চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | (ক) 'সমগ্র বাংলাদেশ পানি সরবরাহ' শীর্ষক প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থবছরে যে কয়টি গভীর নলকূপ স্থাপন করা হয়নি তা জরুরি ভিত্তিতে স্থাপন করতে হবে;<br>(খ) ২০২১-২২ অর্থবছরে 'সমগ্র বাংলাদেশ পানি সরবরাহ' শীর্ষক প্রকল্পের আওতায় বরাদ্দকৃত ২৩৪টি গভীর নলকূপ এবং কমিউনিটি বেইজড পানি সরবরাহ ইউনিট কর্তৃক ১৮টিসহ মোট ২৫২টি নলকূপ স্থাপনের লক্ষ্যে জরুরি ভিত্তিতে স্থান নির্বাচন করে তালিক প্রস্তুত করতে হবে। | ১. উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>২. চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ৫ | **উপজেলা মৎস্য দপ্তর:**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, ইলিশের প্রধান প্রজনন মৌসুমে ০৪ হতে ২৫ অক্টোবর ২০২১ খ্রি: (১৯ আশ্বিন হতে ০৯ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ) পর্যন্ত মোট ২২ দিন সময়কাল সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। এ উপলক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। অবৈধ জাল ব্যবহারের বিরুদ্ধে প্রচার প্রচারণা চালানো এবং নিয়মিত মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা জোরদার করার জন্য অনুরোধ করেন। | (ক) ইলিশের প্রধান প্রজনন মৌসুমে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধের কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়;<br><br>(খ) অবৈধ জাল ব্যবহারের বিরুদ্ধে প্রচার প্রচারণা চালানো এবং নিয়মিত মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সহকারী কমিশনার (ভূমি)<br>৩। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার |
| ৬ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তর:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের (ক শ্রেণি) ২য় পর্যায়ের ১৬টি গৃহ ইতোমধ্যে নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। এছাড়াও তিনি জানান,<br>১। ২০২১-২০২২ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) উপজেলা পরিষদওয়ারী ১ম পর্যায় বরাদ্দ পাওয়া গেছে।<br>২। ২০২১-২০২২ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) উপজেলা পরিষদওয়ারী ১ম পর্যায় বরাদ্দ পাওয়া গেছে।<br>৩। অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদেও জন্য আবাসন নির্মাণ প্রকল্পের ঠিকাদার যাচাইয়ের লটারীর ড্র অনুষ্ঠিত হবে।<br>৪। ২০২১-২০২২ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা)/ রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির | (ক) মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের (ক শ্রেণি) ২য় পর্যায়ের গৃহ নির্মাণ কাজ সমাপ্ত হওয়ায় সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়;<br><br>(খ) দপ্তর ভিত্তিক সকল প্রকল্পসমূহ যথাসময়ে প্রকল্প দপ্তরের নীতিমালা অনুযায়ী সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) উপজেলা নির্বাহী অফিসার<br>(খ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্মতা |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | চূড়ান্ত প্রতিবেদন সংক্রান্ত। | | |
| ৭ | **উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ভিজিডি এর কার্যক্রম এবং ল্যাকটেটিং মাদার উপকারভোগী বাছাই কার্যক্রম চলমান আছে এবং তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | প্রকৃত উপকারভোগী যাতে ভিজিডি কার্ড পেতে পারে সে বিষয়ে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ৮ | **উপজেলা পল্লী উন্নয়ন**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, সমিতির মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। খেলাপী ঋণ আদায়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দারিদ্র্য বিমোচনে উৎপাদনমুখী প্রকল্পে ঋণ বিতরণ এবং খেলাপী ঋণ আদায়ে সার্টিফিকেট মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেল পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>২. ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৯ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস**<br>উপজেলা একাডেমিক সুপারভাইজার সভায় জানান, আগামী ২৪ থেকে ৩০ নভেম্বরের মধ্যে ৬ষ্ঠ থেকে নবম শ্রেণির বার্ষিক পরীক্ষা শুরু হবে। এ বিষয়ে সকল প্রতিষ্ঠান প্রধানকে জানানো হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম চলমান। | (ক) নবম শ্রেণির বই পাওয়া মাত্র শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ নিশ্চিত করতে হবে;<br>(খ) শিক্ষা প্রতিষ্ঠান খোলার পূর্বে সকল শ্রেণি কক্ষে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বেঞ্চ সজ্জিত এবং শ্রেণি কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২. প্রধান শিক্ষক/ সুপার (সকল) |
| ১০ | **প্রাথমিক শিক্ষা বিভাগ**<br>প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, ইতোমধ্যে প্রায় সকল শিক্ষা প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করা হয়েছে। বিদ্যালয়গুলো পাঠদানের উপযোগী করা হয়েছে। মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী শ্রেণি কার্যক্রম চলমান রয়েছে। | প্রতিদিন শ্রেণি কার্যক্রম শুরুর পূর্বে শ্রেণি কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে। প্রয়োজনে শিক্ষার্থীদের বসার বেঞ্চ স্যানিটাইজার দিবে জীবাণুমুক্ত করতে হবে। | ১. উপজেলা শিক্ষা অফিসার<br>২. প্রধান শিক্ষক (সকল) |
| ১১ | **প্রাণিসম্পদ অধিদপ্তর:**<br>প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, পি.পি.আর রোগ নিমূল এবং ক্ষুরা রোগ নিয়ন্ত্রন প্রকল্পের আত্তায় এফ.এম.ডি টিকা প্রাপ্তি ও বিতরন কার্যক্রম চলমান আছে। | দাপ্তরিক স্বাভাবিক কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ১২ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিবার কল্যাণ সহকারীদের নজরদারীতে আনতে হবে। তার ফিল্ডে গিয়ে নিজ দায়িত্ব পালন করছেন না। এছাড়া প্রতি সপ্তাহে অন্তত ১ দিন কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করতে হবে। উপজেলা পরিষদের চেয়ারম্যান জানান, কিছু সংখ্যক বাল্য বিবাহ সংগঠিত হওয়ায় কম বসয়ে সন্তান ধারণের সম্ভাবন করয়েছে। এ বিষয়টি সর্বোচ্চ সতর্কতার সাথে পর্যবেক্ষণ করতে হবে। তিনি আরও জানান, আমাদের উপজেলার জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তর করতে হবে। | (ক) ইউনিয়ন পরিবার কণ্যান সহকারীদের সেবা প্রদান কার্যক্রম তদারকি করতে হবে;<br>(খ) কমিউনিটি ক্লিনিক আবশ্যিকভাবে পরিদর্শন করতে হবে;<br>(গ) অল্প বয়স্ক মেয়েরা যাতে সন্তান সম্ভবা না হয় সে বিষয়ে নিবীর পর্যবেক্ষণ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৩ | **উপজেলা সমাজসেবা দপ্তর:**<br>উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বয়স্কভাতা, বিধবা/স্বামী পরিত্যাক্তাভাতা, প্রতিবন্ধিভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | সামাজিক বেষ্টনীয় আওতায় MIS এ এন্ট্রিকৃত সকল সুবিধাভোগীদের নির্ধারিত তারিখে পে-রোল এর মাধ্যমে ভাতা প্রদান নিশ্চিত করতে হবে। | ১. উপজেলা সমাজসেবা অফিসার<br>২. চেয়ারম্যান, ইউপি (সকল) |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১৪ | **খাদ্য অধিদপ্তর:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় সুলভমূল্যে চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় সুলভমূল্যে চাল বিতরণ কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা খাদ্য গুদাম |
| ১৫ | **উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনকভাবে পরিচালিত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে ঋণ প্রদান কার্যক্রমে এ উপজেলার অধিক সংখ্যক তরুণকে সম্পৃক্ত করতে যুব উন্নয়ন কর্মকর্তাকে অধিকতর উদ্যোগী হওয়ার প্রয়োজন। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, ১লা নভেম্বর জাতীয় যুব দিবস। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ঋণ আদায়ে সর্বোচ্চ আন্তরিক হতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | **উপজেলা সমবায় বিভাগ**<br>উপজেলা সমবায় কর্মকর্তা জানান, সমিতির নিবন্ধন, পরিদর্শন, প্রশিক্ষণ ও অডিটসহ অন্যান্য সকল কার্যক্রম ধারাবাহিকভাবে চলছে। | সমবায় সমিতির নিবন্ধন, পরিদর্শন, প্রশিক্ষণ ও অডিট কার্যক্রম জোড়দার করতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৭ | **উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, সমিতির মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি খেলাপী ঋণ আদায়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দারিদ্র্য বিমোচনে উৎপাদনমুখী প্রকল্পে ঋণ বিতরণ এবং খেলাপী ঋণ আদায়ে সার্টিফিকেট মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেল পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৮ | **আমার বাড়ি আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক)**<br>সমন্বয়কারী, আবাআখা প্রকল্প সভায় জানান যে, সমিতির সদস্যদের মাঝে বিপুল পরিমাণ ঋণ বিতরণ করা হয়েছিল। এ পর্যন্ত বিতরণকৃত ঋণের মধ্যে প্রায় ০৫ (পাচঁ) কোটি টাকা খেলাপী ঋণ রয়েছে। সদস্যদেরকে বার বার তাগিদ দেয়া সত্ত্বেও ঋণ পরিশোধ করছেন না। প্রকল্পের খেলাপী ঋণ আদায়ে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | (ক) আমার বাড়ি আমার খামার প্রকল্পের খেলাপী ঋণ আদায়ে মাঠকর্মীদের জোর তাগিদ প্রদান করতে হবে;<br>(খ) আগামীতে ঋণ প্রদানের সময় চেয়ারম্যান কর্তৃক ছবি ও জাতীয় পরিচয়পত্র সত্যায়িত করতে হবে;<br>(গ) ঋণ অনাদায়ে প্রয়োজনে সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে। | ১. সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প<br>২. চেয়ারম্যান (ইউপি সকল) |
| ১৯ | **বন বিভাগ:**<br>উপজেলা বন কর্মকর্তার জানান, তার দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান। | স্বাভাবিক কার্যক্রমের ধারাবাহিকতা অব্যহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা |
| ২০ | **আনসার ও ভিডিপি:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধ জানান তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক স্বাভাবিক কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২১ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প:**<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, তার কার্যক্রম স্বাভাবিক আছে। | সরকারী নির্দেশনা সঠিকভাবে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২২ | **বিবিধ**<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সেপ্টেম্বর ২০২১ মাসের সম্মানিভাতা এবং ভ্রমন বিল সভায় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যানের সম্মানি ও বাড়ি ভাড়া বাবদ ৪৫,০০০/- টাকা এবং ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা, মহিলা ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা হারে সেপ্টেম্বর-২০২১ মাসের সম্মানিভাতা বাবদ মোট | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | ৯৯,০০০/- (নিরানব্বই হাজার) টাকা এবং উপজেলা পরিষদের চেয়ারম্যানের ১১,২৫০/- টাকা, ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা হারে সেপ্টেম্বর -২০২১ মাসের ভ্রমণ ভাতা বাবদ মোট ৩১,২৫০/- (একত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকাসহ সর্বমোট =১,৩০,২৫০/- (এক লক্ষ ত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকা সভায় অনুমোদন সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪. মহিলা ভাইস চেয়ারম্যান<br>৫. সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল) |
| | (খ) উপজেলা পরিষদ কার্যালয়ের চেয়ারম্যানের জন্য বরাদ্দকৃত ডিসি পুল ভোলা-ঘ- ১১-০০২৩ নম্বরের সরকারি জিপ গাড়ির গিয়ার সাসপেনশন বুশ এবং সার্ভিসিং বাবদ সর্বমোট ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকার বিল ভাউচার উপজেলা রাজস্ব তহবিলের যানবাহন মেরামত খাত হতে প্রদানের জন্য সভায় উপস্থাপন করা হয়। | (খ) উপজেলা পরিষদ কার্যালয়ের চেয়ারম্যানের জন্য বরাদ্দকৃত ডিসি পুল ভোলা-ঘ- ১১-০০২৩ নম্বরের সরকারি জিপ গাড়ির সাসপেনশন বুশ এবং সার্ভিসিং বাবদ সর্বমোট ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকার ব্যয় বিল উপজেলা রাজস্ব তহবিলের যানবাহন মেরামত খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (গ) উপজেলা পরিষদের হলরুমের জন্য ৩ টি ভালো মানের কাঠের চেয়ার বাবদ ২২,৫০০/-টাকার বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো। | (গ) উপজেলা পরিষদের হলরুমের জন্য ০৩টি ভালো মানের কাঠের চেয়ার ক্রয় বাবদ ২২,৫০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আসবাবপত্র ক্রয় খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ঘ) উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়ের ফটোকপিয়ার মেশিন মেরামত বাবদ ১৪,৫৮০/- (চৌদ্দো হাজার পাঁচশত আশি) টাকার বিল সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | (ঘ) উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়ের ফটোকপিয়ার মেশিন মেরামত বাবদ ১৪,৫৮০/- (চৌদ্দো হাজার পাঁচশত আশি) টাকার বিল উপজেলা রাজস্ব তহবিলের অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/ মেরামত খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ঙ) উপজেলা পরিষদের শহিদ মিনার চত্বর, বঙ্গবন্ধুর মুর্যালের আশ-পাশ, উপজেলা পরিষদ অডিটরিয়াম, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সামনে ও পেছনের অংশের আগাছা পরিস্কার পরিচ্ছন্নকরণের জন্য ৪৫০ টাকা হারে ৬ জন শ্রমিকের ৫ দিনে মোট (৪৫০ টাকা × ৬ জন × ৫ দিন) =১৩,৫০০/- (তেরো হাজার পাঁচশত) টাকা শ্রমিক মজুরি দাখিল করেছেন। শ্রমিক মজুরি রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য উক্ত বিল সভায় উপস্থাপন করা হয়। | (ঙ) উপজেলা পরিষদের শহিদ মিনার চত্বর, বঙ্গবন্ধুর মুর্যালের আশ-পাশ, উপজেলা পরিষদ অডিটরিয়াম, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সামনে ও পেছনের অংশের আগাছা পরিস্কার পরিচ্ছন্নকরণের জন্য ৪৫০ টাকা হারে ৬ জন শ্রমিকের ৫ দিনে মোট (৪৫০ টাকা × ৬ জন × ৫ দিন) =১৩,৫০০/- (তেরো হাজার পাঁচশত) টাকা উপজেলা রাজস্ব তহবিলের বর্জ্য ব্যভস্থাপনা/ পরিস্কার পরিচ্ছন্নতা খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (চ) উপজেলা নির্বাহী অফিসারের বাসবভনে সার্বিক নিরাপত্তায় নিয়োজিত ১৫ জন আনসার সদস্যদের সেপ্টেম্বর-অক্টোবর/২০২১ এর জ্বালানী খবর বাবদ ৪টি গ্যাস সিলিন্ডার ক্রয় (৪×১২৫০)= ৫,০০০/- এবং ১টি গ্যাসের চুলা ক্রয় বাবদ ৫,২০০/- টাকাসহ মোট (৫০০০+৫২০০)=১০,২০০/- (বারো হাজার দুইশত) | (চ) উপজেলা নির্বাহী অফিসারের বাসবভনে সার্বিক নিরাপত্তায় নিয়োজিত ১৫ জন আনসার সদস্যদের সেপ্টেম্বর-অক্টোবর/২০২১ এর জ্বালানী খবর বাবদ ৪টি গ্যাস সিলিন্ডার ক্রয় (৪×১২৫০)= ৫,০০০/- এবং ১টি গ্যাসের চুলা ক্রয় বাবদ ৫,২০০/- টাকাসহ মোট (৫০০০+৫২০০)=১০,২০০/- (বারো হাজার | |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | দুইশত) টাকার বিল নিরাপত্তা খাত (আনসার) হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা।

স্মারক নং- স্মারক নং-০৫.১০.০৯২১.০০০.০৬.০০২.২১-**৭২১(৫০)**

তারিখ: ০৫ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ / ২১ অক্টোবর ২০২১ খ্রি.

**অনুলিপি সদয় অবগতির জন্য:**

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ভোলা-২।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ভোলা।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা।

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৭. মেয়র, বোরহানউদ্দিন পৌরসভা, ভোলা।
৮. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা ।
৯. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১০. উপজেলা ...................... কর্মকর্তা (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১১. চেয়ারম্যান ...................... ইউনিয়ন পরিষদ (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১২. জনাব ...................... সদস্য উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১৩. সংরক্ষণ নথি।

২১/১০/২০২১

মো. সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।
☏ ০৪৯২২-৫৬১০৩
🖷 ০৪৯২২-৫৬১১০
✉ unoborhanuddin@mopa.gov.bd